"শেখ হাসিনার বারতা
নারী পুরুষ সমতা"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
মবিঅ-২ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mowca.gov.bd

স্মারক নং- ৩২.০০.০০০০.০২৯.৩০.০০১.১৭. **১৭৬**

তারিখ: ০৮/০৭/২০২৪ খ্রি.

প্রাপক:

নাম, পিতা ও স্বামীর নাম	ঠিকানা	মোবাইল নম্বর	এনআইডি	বরাদ্দকৃত সেলাই মেশিনের সংখ্যা
হ্যাপি বেগম পিতা: আব্দুর রব	গ্রাম: কাংশী, ডাকঘর: ধামুরা, উপজেলা: উজিরপুর, জেলা: বরিশাল	০১৪০৬৮৩৮৫৪৬	--	১টি

বিষয়: সেলাই মেশিন বরাদ্দ।

সূত্র: মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব-এঁর দপ্তর হতে প্রাপ্ত ০৭/০৭/২০২৪ খ্রি. তারিখের ১০৬ সংখ্যক পত্র।

মহোদয়

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের আলোকে আপনার নামে ০১ (একটি) পা চালিত সেলাই মেশিন বরাদ্দ প্রদান করা হলো। বরাদ্দকৃত সেলাই মেশিন আপনার জেলার/সংশ্লিষ্ট জেলার উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তরের কার্যালয় থেকে সংযুক্ত নমুনা অনুসারে আপনার স্বাক্ষরিত ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা প্রদানপূর্বক মূল বরাদ্দপত্র উপস্থাপন করে সংগ্রহ করার জন্য অনুরোধ জানানো হলো।

০২। জাতীয় পরিচয়পত্রের ফটোকপি এবং ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি উপজেলা নির্বাহী অফিসার/ওয়ার্ড কাউন্সিলর/ইউপি চেয়ারম্যান কর্তৃক সত্যায়নপূর্বক দাখিল করে বরাদ্দ আদেশ জারির ০২ (দুই) মাসের মধ্যে সেলাই মেশিন সংগ্রহ করবেন। অন্যথায় বরাদ্দ আদেশ বাতিল বলে গণ্য হবে।

০৩। নিজে সেলাই মেশিন গ্রহণে অপারগ হলে উল্লিখিত অঙ্গীকারনামা, সত্যায়িত জাতীয় পরিচয়পত্র ও ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবির সাথে নির্বাচিত প্রতিনিধির ০১ (এক) কপি পাসপোর্ট সাইজের ছবি ও আপনার স্বাক্ষরিত ক্ষমতাপত্র স্থানীয় ইউপি চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক সত্যায়িত করে মূল বরাদ্দপত্র উপস্থাপন সাপেক্ষে প্রতিনিধির মাধ্যমে সেলাই মেশিন গ্রহণ করতে পারবেন।

সংযুক্তি: নমুনা-০১ (এক) ফর্দ।

আপনার বিশ্বস্ত,

(মুনিয়া চৌধুরী)
সিনিয়র সহকারী সচিব
মবিঅ-২ অধিশাখা
ফোন: ০২-৯৫১ ৪৬১৪।

অ.পৃ.দ্র.

স্মারক নং- ৩২.০০.০০০০.০২৯.৩০.০০১.১৭. **১৭৬** তারিখ: ০৮/০৭/২০২৪ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ৩৭/৩ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।
০২। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৪। যুগ্মসচিব (কার্যক্রম) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (যুগ্মসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৫। সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, আইসিটি শাখা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েব-সাইটে আপলোড করার অনুরোধসহ)।
০৬। উপপরিচালক, উপপরিচালকের কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, **বরিশাল** [বরাদ্দ প্রাপক-কে ০১ (এক) টি সেলাই মেশিন প্রদানের জন্য অনুরোধসহ]।
০৭। অতিরিক্ত সচিব (প্রশাসন/কার্যক্রম) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য]।
০৮। অফিস কপি।

০৮/০৭/২৪
(মুনিয়া চৌধুরী)
সিনিয়র সহকারী সচিব
মবিঅ-২ অধিশাখা
ফোন: ০২-৯৫১ ৪৬১৪।